

উজান জোছনায় কাব্যগ্রন্থের প্রকাশনা উৎসব



বাম থেকে: নেহাল বারী, কবি শাফিন রাশেদ ও মাহবুবুর রহমান বাবু

লেখালেখিটা পছন্দ করার মত যথেষ্ট অর্থকরী নয়? হয়তো। মহাকাল কী বলে শুনি - অর্থ থাকে না, থাকে না জীবন / থাকে শিল্প, শিল্পবোধ থাকে / থাকে কবিতা, কবিতাবোধ থাকে / সভ্যতা ও কবিতা কালের শেকড়ে / অবিচ্ছিন্ন দুই যমজবোন।"

গত ১ অক্টোবর ২০১১, সিডনির হোমবুশে বয়েজ স্কুলে অনুষ্ঠিত হল কবি শাফিন রাশেদের কাব্যগ্রন্থ 'উজান জোছনায়' এর প্রকাশনা উৎসব। বইটি প্রকাশ করেছে বইপত্র প্রকাশন, অস্ট্রেলিয়া। প্রকাশক মাহবুবুর রহমান বাবু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন একুশে একাডেমী অস্ট্রেলিয়ার প্রতিষ্ঠাতা সভাপতি জনাব নেহাল নেয়ামুল বারী। শুরুতেই কবি শাফিন রাশেদকে মঞ্চে ফুল দিয়ে শুভেচ্ছা জানায় ছোট্টমেয়ে নাজিহা বারী। স্বাগত বক্তব্য রাখেন নূরুন নাহার সুস্মিতা।

এর পর 'উজান জোছনায়' র মোড়ক উন্মোচন করা হয়। মোড়ক উন্মোচন করেন বঙ্গবন্ধু কাউন্সিলের সভাপতি শেখ শামিমুল হক, ড: কাইয়ুম পারভেজ, বঙ্গবন্ধু কাউন্সিলের প্রাক্তন সভাপতি ড: আব্দুর রাজ্জাক ও অনুষ্ঠানের সভাপতি জনাব নেহাল বারী।



এর পর একে একে শুভেচ্ছা বক্তব্য, কাব্যগ্রন্থের উপর বিস্তারিত আলোচনা এবং ‘উজান জোছনায়’ থেকে আবৃত্তি করেন ড: আব্দুর রাজ্জাক, শেখ শামিমুল হক, ড: কাইয়ুম পারভেজ, মাহমুদা রুনা, রতন কুন্ডু, শাহিন শাহনেওয়াজ, আনিসুর রহমান, আকিদুল ইসলাম, আল নোমান শামিম, আবুল হাসনাৎ মিল্টন, শুশীল জন গোমেজ, লরেস ব্যারেল, রহমতউল্লাহ, অভিজিত বড়ুয়া, শাখাওয়াৎ নয়ন, কবি শাফিন রাশেদ এবং মাহবুবুর রহমান বাবু।

আলোচনা পর্বের পর একটি সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়। গান গেয়েছেন সাদিয়া জামান, সামিহা রাশেদ, পিয়াসা বড়ুয়া, রিমি, সুলতানা নূর ও মিসেস নিলুফার। অনুষ্ঠানটি উপস্থাপন করেন অভিজিৎ বড়ুয়া। তবলায় সহায়তা করেন ড: কাইয়ুম পারভেজ।



অনুষ্ঠানে নব পরিনীতা স্ত্রী, ডা: শাহনাজ আক্তার নূপুর এর সাথে ডা: আবুল হাসনাৎ মিল্টন। তাদের ফুল দিয়ে অভিবাদন জানান কবি শাফিন রাশেদ।